যুগান্তর

তারিখ 04 MAY 2007
পৃষ্ঠা ১৬ কলাম ৪

# আমেরিকান শিক্ষা ভিসার নতুন নিয়ম

যুক্তরাষ্ট্রে শিক্ষা গ্রহণের জন্য যেসব শিক্ষার্থী ভিসার জন্য আবেদন করছেন তাদের শিক্ষা কর্মসূচি শুরু হওয়ার ১২০ দিন আগে থেকে ভিসা প্রদান করা হবে। ভিসা প্রদানের নীতিমালায় এই পরিবর্তন আগেকার সময়সীমার চেয়ে এক মাস বাড়ানো হয়েছে। বর্তমানে বাংলাদেশে যুক্তরাষ্ট্র দূতাবাসের কনস্যুলার, সেকশন যুক্তরাষ্ট্রের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ভর্তি হওয়া শিক্ষার্থীদের জন্য, অগ্রাধিকারের ভিত্তিতে সাক্ষাৎকারের সময়সূচি নির্ধারণ করছে।

ভিসা সাক্ষাৎকারের জন্য শিক্ষার্থীদেরকে নিম্নে উল্লেখিত তথ্যগুলো সঙ্গে করে

নিয়ম : পৃষ্ঠা ১০ : কলাম ৩

## নিয়ম : নতুন

(১৬ পৃষ্ঠার পর)

নিয়ে আসতে হবে— শিক্ষার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে যাচ্ছে সেই প্রতিষ্ঠান প্রদত্ত মূল আই-২০ ফর্ম, 'এসইভিআইএস' ফি প্রদানের প্রমাণপত্র, শিক্ষা প্রতিষ্ঠানের যাবতীয় ব্যয় পরিশোধে শিক্ষার্থীর যে সামর্থ্য রয়েছে তার প্রমাণপত্র এবং যে কোন স্ট্যান্ডার্ডাইজড পরীক্ষার প্রকৃত ফলাফল (যেমন টোফেল, জিআরই, স্যাট ইত্যাদি)। শিক্ষার্থী কোন স্কুলে পড়তে যাবে বা তার অধ্যয়নের বিষয় কি হবে সে ব্যাপারে কনস্যুলার অফিসার তাদেরকে প্রশ্ন করতে পারেন এবং তাদের ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কেও জানতে চাইতে পারেন।

একটি সফল ভিসা সাক্ষাৎকারের পর যুক্তরাষ্ট্রের ভিসা প্রক্রিয়াকরণ দুইদিনের মধ্যেই হয়ে যেতে পারে। প্রায়শই দেখা যায়, ভিসা প্রদানে অতিরিক্ত কয়েক সপ্তাহ লেগে যায়। কোন কোন ক্ষেত্রে ভিসা প্রদান প্রক্রিয়ায় বেশ কয়েক মাস অথবা তার চেয়েও বেশি সময় লাগে। আর এ কারণে যুক্তরাষ্ট্র দূতাবাস শিক্ষার্থী ভিসা আবেদনকারীদের যত দ্রুত সম্ভব তাদের সব কাগজপত্র পেয়ে যাওয়ার পরপরই সাক্ষাৎকারের সময়সূচি নির্ধারণ করার জন্য আহ্বান জানিয়েছে।

কনস্যুলার সেকশনের সাক্ষাৎকারের সময়সূচি নির্ধারণের অনুমোদিত এজেন্ট সায়মন ওভারসিজের মাধ্যমে ভিসা সাক্ষাৎকারের সময় দ্রুত নির্ধারণ করা যেতে পারে (ঠিকানা— বাড়ি # ৪এ, সড়ক # ২২, গুলশান ১)। এছাড়া যুক্তরাষ্ট্রে শিক্ষা সংক্রান্ত পরামর্শ নেয়ার জন্য শিক্ষার্থীদেরকে আমেরিকান সেন্টারে স্টুডেন্ট কাউন্সিলরের সঙ্গে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে। আমেরিকান সেন্টারের ঠিকানা— বাড়ি # ১১০, সড়ক # ২৭, বনানী। ই-মেইল অথবা টেলিফোনের মাধ্যমেও আমেরিকান সেন্টার-এ যোগাযোগ করা যেতে পারে (ই-মেইল : DhakaPA@state.gov এবং টেলিফোন : ৮৮৩৭১৫০-৪)। আমেরিকান সেন্টার।